গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (নতুন ধলেশ্বরী-পুংলী-বংশাই-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম) (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১৪তম সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৭-০৯-২০২১।
সভার সময়	বেলা ৩:৩০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন-৩) পাসম জানান যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১১২৫৫৯.৩৩ লক্ষ টাকা এবং মেয়াদকাল এপ্রিল ২০১০ হতে জুন ২০২২ পর্যন্ত। প্রকল্পটির বাস্তব অগ্রগতি ৮০.৪১% এবং আর্থিক অগ্রগতি ৬৭.১৮%।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো জানান, প্রকল্পটির আওতায় ১.৫৩ কিঃমিঃ দৈর্ঘ্যে গাইড বাঁধ নির্মাণ কাজ চলমান রয়েছে। বর্তমানে বঙ্গবন্ধু সেতু কর্তৃপক্ষের নির্মিত গাইড বাঁধ এবং প্রকল্পের অধীন বাপাউবো কতৃর্ক বাস্তবায়নাধীন Upstream গাইড বাঁধের মধ্যবর্তী স্থানে অরক্ষিত নদীতীর ভাঙ্গন কবলিত হয়ে ১৭২ মিটার ভিতরের দিকে প্রসারিত হয়েছে। বাস্তবায়নাধীন গাইড বাঁধের শুরু হওয়া স্থানের উজানে নদী তীর অরক্ষিত থেকে গেলে বাস্তবায়নাধীন প্রতিরক্ষা কাজ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা রয়েছে। উক্ত ১৭২ মিটার ফাঁকা অংশে Upstream End Termination/End Connection কাজ প্রকল্পের অধীনে বাস্তবায়ন করা প্রয়োজন। এছাড়াও প্রকল্পের আওতায় নির্মিত Downstream গাইড বাঁধের শেষ প্রান্তে ভাটিতে সম্পন্নকৃত সিসি ব্লক ডাম্পিং ও প্লেসিং এর স্থান ঘেষে যমুনা নদীর পানি প্রবাহে প্রচন্ড ঘূর্ণাবাতে সৃষ্ট Back water flow এর কারণে গাইড বাঁধের উক্ত স্থানে ভাঙ্গন কবলিত হয়ে অর্ধ-বৃত্তাকারে নদীতীর দেশকূলের দিকে প্রায় ২৫০ মিটার ঢুকে গেছে। নদীর মরফোলজিক্যাল পরিবর্তনের কারণে Downstream End Termination এর প্রতিরক্ষা কাজ মারাত্মক হুমকির সম্মুখীন হয়েছে। এমতাবস্থায়, Downstream End Termination সংলগ্ন নূন্যতম ২০০ মিটার দৈর্ঘ্যে বর্ধিতকরণ/শক্তিশালীকরণ কাজ বাস্তবায়ন করা প্রয়োজন। প্রকল্প পরিচালক আরও জানান, প্রকল্পের সেডিমেন্ট বেসিন ও ড্রেজারের সাহায্যে নদী ড্রেজিং কাজের সাশ্রয়কৃত অর্থ দিয়ে ডিপিপি Re-appropriation করে উক্ত Upstream End Termination/ End Connection কাজ এবং Downstream End Termination বর্ধিতকরণ/শক্তিশালীকরণ কাজ বাস্তবায়ন করা যেতে পারে।DPP তে নতুন প্যাকেজ/লট এর সংস্থান না থাকায় চলমান কাজের ঠিকাদার কর্তৃক ভেরিয়েশনের মাধ্যমে End termination/End Connection কাজ বাস্তবায়ন করা প্রয়োজন মর্মে জানান। এছাড়াও প্রকল্প পরিচালক বাপাউবো'র প্রণীত নকশা মোতাবেক সড়ক ও জনপথ অধিদপ্তরের ৮টি এবং বাংলাদেশ রেলওয়ের ২টি ব্রীজের ফাউন্ডেশন ট্রিটমেন্ট কাজ শীট পাইলের মাধ্যমে সম্পন্ন করার প্রয়োজনীয়তা উল্লেখ করেন। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সহিত আন্তঃমন্ত্রণালয় সভায় আলোচনাপূর্বক সিদ্ধান্তের মাধ্যমে শীট পাইলিং এর কাজ সম্পাদনের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	(ক) মাঠ পর্যায়ে নদীর মরফোলজিক্যাল পরিবর্তনের কারণে গাইড বাঁধের উজানে Upstream End Termination/ End Connection কাজ এবং Downstream End Termination বর্ধিতকরণ/শক্তিশালীকরণের অতিরিক্ত কাজ ভেরিয়েশন অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করতে হবে। (খ) ভেরিয়েশন অনুমোদন সাপেক্ষে অতিরিক্ত কাজের অর্থ সংস্থানের জন্য আন্ত:খাত সমন্বয় করতে হবে। (গ) সড়ক ও জনপথ অধিদপ্তর, বাংলাদেশ রেলওয়ের উপস্থিতিতে আন্তঃমন্ত্রণালয় সভায় সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে ব্রীজসমূহের ফাউন্ডেশন ট্রিটমেন্ট কাজ বাপাউবো'র নকশা মোতাবেক দ্রুত বাস্তবায়ন এর উদ্যোগ গ্রহণ করতে হবে। (ঘ) প্রকল্পটি ৩০ জুন ২০২২ এর মধ্যে সম্পন্ন করতে হবে।	(ক) বাপাউবো ও প্রকল্প পরিচালক। (খ) পরিকল্পনা উইং, পাসম। (গ) পাসম/ বাপাউবো ও প্রকল্প পরিচালক। (ঘ) প্রকল্প পরিচালক।

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০৭.২১-৩৫৭

তারিখ: ২৬ আশ্বিন ১৪২৮
১১ অক্টোবর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: যুগ্মসচিব)।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৫) প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৬) প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, নারায়ণগঞ্জ।
১৭) প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৮) প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, 'বুড়িগঙ্গা নদী পুনরুদ্ধার (নতুন ধলেশ্বরী-পুংলী-বংশাই-তুরাগ-বুড়িগঙ্গা রিভার সিস্টেম)' শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
১৯) উপপ্রধান, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২২) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২৪) নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-২, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
২৫) সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নাজমুল ইসলাম ভূইয়া

উপসচিব